

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড
টঞ্জী, গাজীপুর।

বিষয়ঃ টেশিস এর ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থ বছরের তৃতীয় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ হুমায়ুন কবির ভূঁঞা, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, টেশিস।

স্থানঃ টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড এর সভাকক্ষ,

তারিখ ও সময়ঃ ১৮/০২/২০২১ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা।


অদ্য ১৮/০২/২০২১ খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় টেশিস এর মোঃ হুমায়ুন কবির ভূঁঞা, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা এর সভাপতিত্বে টেশিস সভাকক্ষে টেশিস এর উদ্ভাবনী উদ্যোগ সমূহের বাস্তবায়নের নিমিত্তে ২০২০-২০২১ অর্থ বছরের ইনোভেশন কমিটির তৃতীয় সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। উক্ত সভায় ইনোভেশন কমিটির নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেনঃ

১। জনাব মোঃ হুমায়ুন কবির ভূঁঞা, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২। জনাব সাঈদ মাহমুদ, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন ও কল্যাণ)	বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩। জনাব মোঃ মিজানুর রহমান মোল্লা, উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)-	সদস্য
৪। জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী ব্যবস্থাপক (বিক্রয়, বিপণন ও সেবা)-	সদস্য
৫। জনাব মোঃ মোজাম্মেল হক, সহকারী প্রোগ্রামার (সফটওয়্যার এন্ড এপস) -	সদস্য
৬। জনাব রাকিব মোঃ ইউসুফ (শিশির), সহঃ পারসোনেল ম্যানেজার (ল্যাপটপ)-	সদস্য

১৮/০২/২০২১ খ্রিঃ তারিখের সভায় পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করা হয়। আলোচনায় ডিজিটাল সেবা নির্ধারণ করে সহজতর/গ্রাহকবান্ধব করার লক্ষ্যে যেসকল উদ্ভাবনী উদ্যোগ সমূহ নেয়া যেতে পারে সে বিষয়ে আলোচনা করা হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নের অবস্থা
০১	উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	১। ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণীত হয়েছে এবং নির্দিষ্ট তারিখের মধ্যেই ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরিত হয়েছে। ওয়েব সাইটে হালনাগাদ করা হয়েছে।	ইনোভেশন টিম কর্তৃক বাস্তবায়িত।
০২	ইনোভেশন টিমের সভা	সর্বনিম্ন ৬(ছয়)টি সভার আয়োজন করা হবে।	৩য় সভা অনুষ্ঠিত
০৩	উদ্ভাবন খাতে বরাদ্দ	২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন খাতে ২০ লক্ষ বরাদ্দ আছে। বরাদ্দ এর পূর্ণ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নিয়ে কর্মপরিকল্পনা নির্ধারণ।	বাজেট বাস্তবায়ন চলমান।
০৪	সক্ষমতা বৃদ্ধি	১) উদ্ভাবন ও সেবা সহজিকরণে ২(দুই) জনের একদিনের কর্মশালা, ২) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৪(চার) জনের ২(দুই) দিনের প্রশিক্ষণ এবং ৩) সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৪(চার)জনের ২(দুই) দিনের প্রশিক্ষণ এর রূপরেখা নির্ধারণ করা হয়।	প্রশিক্ষণ ও কর্মশালার পরিপূর্ণ বার্ষিক শিডিউল ও প্রশিক্ষণ কার্য এক মাসের মধ্যেই সম্পন্ন করা হবে।
০৫	স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই-সংক্রান্ত কার্যক্রম	উদ্ভাবন কমিটির সকল কর্মকর্তা/সদস্যর কাছে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করা হলে নিম্নরূপ ধারণা পাওয়া যায়ঃ (ক) টেশিস দোয়েল ল্যাপটপ এর বিক্রয় ও বিক্রয়োত্তর সেবার অনলাইন পেমেণ্ট প্রক্রিয়া। (খ) ডিজিটাল মার্কেটিং এর মাধ্যমে প্রোডাক্ট মার্কেটিং এর ব্যবস্থা। যেমন ফেসবুক মার্কেটিং। (গ) SMS এর মাধ্যমে টার্গেট কাস্টমার এর কাছে টেশিস পণ্য/সেবা সংক্রান্ত তথ্য সরবরাহ ব্যবস্থা। যেমনঃ ল্যাপটপ ও বিভিন্ন মডেল এর টেলিফোন সেট সংক্রান্ত তথ্য।	(ক) টেশিস দোয়েল ল্যাপটপ এর বিক্রয় ও বিক্রয়োত্তর সেবার অনলাইন পেমেণ্ট প্রক্রিয়া খুব শীঘ্রই চালু হবে। (খ) ফেসবুক মার্কেটিং এর জন্য প্রডাক্ট প্রস্তুত করা হচ্ছে। (গ) প্রডাক্ট মজুদ সাপেক্ষে SMS মার্কেটিং এর ব্যবস্থা করা হবে।
০৬	ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন	“টেশিস ই-সেবা” শীর্ষক একটি মোবাইল Apps তৈরি। যা ১৫/০২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যেই “টেশিস ই-সেবা” Apps তৈরি করতে হবে।	শেষ পর্যায়ে। খুব শীঘ্রই মোবাইল Apps এর পাইলটিং করা হবে।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ হুমায়ুন কবির ভূঁঞা)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)